

07-5-18

১০ বিজিবি'র অভিযানে শাড়ীসহ ১২,১৫,০০০/- টাকা মূল্যের

মাদকদ্রব্য এবং অন্যান্য মালামাল আটক

১০ বিজিবি'র একটি বিশেষ টহলদল ০৬ মে ২০১৮ তারিখ আনুমানিক ১৭২০ ঘটিকায় কুমিল্লা জেলার আওতাধীন সদর দক্ষিণ থানার অন্তর্গত কান্দিরপাড় নামক স্থানে অভিযান পরিচালনা করে ২১৯ টি শাড়ী মালিকবিহীন অবস্থায় আটক করতে সক্ষম হয়। এছাড়াও অন্যান্য বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় অভিযান পরিচালনা করে ভারতীয় ১০ বোতল মদ এবং ২১ টি শাড়ী মালিকবিহীন অবস্থায় আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য এবং অন্যান্য মালামালের আনুমানিক মূল্য ১২,১৫,০০০/- (বার লক্ষ পনের হাজার) টাকা।

৪৯ বিজিবি'র অভিযানে যশোরের বেনাপোল সীমান্ত হতে নগদ ৮,০০,০০০/- বাংলাদেশী টাকা

ও ০১ টি মোটর সাইকেলসহ ০১ জন আসামী আটক

৪৯ বিজিবি'র অধীনস্থ বেনাপোল আইসিপি'র ল্যাঃ নাঃ মোঃ আব্দুর রহমান এর নেতৃত্বে একটি টহলদল ০৭ মে ২০১৮ তারিখ ০৮৩০ ঘটিকায় বেনাপোল ছোট আচড়া নামক এলাকায় অভিযান পরিচালনা করে নগদ ৮,০০,০০০/- বাংলাদেশী টাকা ও ০১ টি মোটর সাইকেলসহ ০১ জন আসামী আটক করা হয়।